

# সমকাল

www.samakal.net

দৈনিক সমকাল, ২০২২-০২-২৩, পৃ- ১২,



## ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি

মহান ভাষা আন্দোলনের শহীদদের শ্রদ্ধা নিবেদনের মাধ্যমে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির সদ্য নির্মিত শহীদ মিনার উদ্বোধন করা হয়েছে। রাজধানীর আফতাবনগরে নিজস্ব ক্যাম্পাসে নির্মিত এই শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন করা হয়। শহীদ দিবসের প্রত্যুষে বিশ্ববিদ্যালয়ের সবার অংশগ্রহণে এর উদ্বোধন করেন ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ডের চেয়ারপারসন সৈয়দ মঞ্জুর এলাহী এবং বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা উপাচার্য ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন।